ইত্তেফাক

তারিখ ... ২২।৫।৮৩ ...
পৃষ্ঠা ... ... ... ৩ কলাম ৫ ... ...

054

## শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ উপেক্ষা করিয়া—

কক্সবাজার, ১৮ই মে (নিজস্ব সংবাদদাতা)— শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ উপেক্ষা করিয়া উখীত মহেশখালী থানার ১৫ জন প্রাথমিক শিক্ষককে অন্যত্র বদলী করার খবর পাওয়া গিয়াছে।

জানাযায়, মহেশখালী থানা নির্বাহী কর্মকর্তা মহকুমা শিক্ষা অফিসারকে লিখিতভাবে জানান যে, গত ২৭ই এপ্রিলের থানা

(৫ম পৃঃ দ্রঃ)

## শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ

(৩য় পৃঃ পর)

পরিষদের সভার সিদ্ধান্ত অনুযায়ী থানার ১৫ জন প্রাথমিক শিক্ষককে জন স্বার্থে অন্যত্র বদলীর নির্দেশ দেওয়া হইয়াছে (স্মারক নং-২০৮(৩৫)। অথচ গত ৬ই ডিসেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের ইস্যুকৃত এক সার্কুলারে বলা হয়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত শিক্ষক বদলী স্থগিত থাকিবে। যেহেতু শিক্ষক বদলী নীতি সরকারের বিবেচনাধীনে রহিয়াছে সেহেতু নীতি নির্ধারণ না হওয়া পর্যন্ত শিক্ষক বদলী বন্ধ থাকিবে (মেমো নং—এস/৮/৬টি-২/৮৪২)। উক্ত নির্দেশ এখনও বলবত রহিয়াছে, বলিয়া জানা যায়। মহকুমা শিক্ষা অফিসের কর্মকর্তা ঘটনার সত্যতা স্বীকার করিয়া জানান, ব্যাপারটি উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হইয়াছে।